

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
লোহাগাড়া, চট্টগ্রাম  
dss.lohagara.chittagong.gov.bd

সভার বিজ্ঞপ্তি

"উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি", লোহাগাড়া, চট্টগ্রাম এর সকল সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০/১০/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ টায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম মহোদয়ের অফিস কক্ষে কমিটির এক সভা আধ্বান করা হয়েছে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী সমূহ :

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী ভাতা কার্যক্রম সংক্রান্ত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ।
- ০৩। বিবিধ।

স্বাঃ/-

জেসমিন আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
ও  
সভাপতি  
উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি  
লোহাগাড়া, চট্টগ্রাম।

স্মারক নং : ৪১.০১.১৫৪৭.০০০.০৬.০০১.২১- ২৪৬


তারিখ : ১৪/১০/২০২১ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম।

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। ..... , সদস্য/সকল (সংশ্লিষ্ট কমিটি), লোহাগাড়া, চট্টগ্রাম।
- ০২। সংরক্ষণ কপি।



দেলোয়ার হোসাইন

উপজেলা সমাজসেবা অফিসার

লোহাগাড়া, চট্টগ্রাম

ফোনঃ ০২৩০৪৪৫৮৯৯৮

usso.lohagara.chittagong@dss.gov.bd

# উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম এর অফিস কক্ষ  
সভার নম্বর, তারিখ ও সময় : সভার নম্বর :....., তারিখ : ২০/১০/২০২১ খ্রিঃ এবং সময় : সকাল ১১.০০ ঘটিকা

## উপস্থিত সদস্যবৃন্দের নাম/পদবী ও স্বাক্ষর

ক্রমিক	সদস্যবৃন্দের নাম/পদবী ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
১.	বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, লোহাগাড়া, চট্টগ্রাম	সভাপতি	স্বাক্ষরিত
২.	জনাব এম. ইব্রাহিম, ভাইস চেয়ারম্যান, লোহাগাড়া, চট্টগ্রাম	সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব আলহাজ্ব নুরুচ্ছফা চৌধুরী, চেয়ারম্যান, লোহাগাড়া ইউ, পি	সদস্য	স্বাক্ষরিত
৪.	বেগম শিরিন আকতার, সংরক্ষিত মহিলা সদস্য, লোহাগাড়া, চট্টগ্রাম	সদস্য	স্বাক্ষরিত
৫.	জনাব দেলোয়ার হোসাইন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লোহাগাড়া, চট্টগ্রাম	সদস্য সচিব	স্বাক্ষরিত

## আলোচ্যসূচী সমূহ :

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী ভাতা কার্যক্রম সংক্রান্ত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ।
- ০৩। বিবিধ।

আলোচ্যসূচী-০১ : সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে উপজেলা সমাজসেবা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যদেরকে পাঠ করে শুনায়। বিগত সভার কার্যবিবরণীতে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উপস্থিত সবার সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

আলোচ্যসূচী-০২ : উপজেলা সমাজসেবা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম সভায় জানায় যে, লোহাগাড়া উপজেলায় বর্তমানে ৯২০৭ জন বয়স্ক, ২৫৪৪ জন বিধবা ও ৩০৩১ জন প্রতিবন্ধী ব্যক্তি ভাতা পায়। বয়স্ক এবং বিধবা ভাতাভোগীরা পূর্বের মতই মাসিক ৫০০ টাকা হারে ভাতা পেয়ে আসছে। কিন্তু ২০২১-২২ অর্থ বছর হতে প্রতিবন্ধী ভাতা মাসিক ৭০০ টাকার পরিবর্তে ৭৫০ টাকা করা হয়। উপস্থিত সকল সদস্য সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানায়। সরকারের এই বিশাল ভাতা বাস্তবায়ন কর্মসূচি যো সফল ও সার্থক হয় এবং প্রকৃত ব্যক্তিরাই যেন ভাতা পায় তজ্জন্য শতভাগ ভাতাসমূহ বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী ভাতাভোগী নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা সমন্বয় সভায় ও এই প্রস্তাব উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-০৩ : সভায় উপস্থিত সদস্যরা উপজেলা পরিষদের সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি কার্যক্রমের উপর সম্মতি প্রকাশ করেন। পরিশেষে আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**জেসমিন**  
জেসমিন আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
ও  
সভাপতি  
উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি  
লোহাগাড়া, চট্টগ্রাম।